"যুব সমাবেশ ২০২৬"-এর প্রতিবেদন

তারুণ্যের শক্তিকে কাজে লাগিয়ে উন্নত বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে ২০ মে ২০২৬ তারিখে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে সাড়ম্বরে অনুষ্ঠিত হয় "যুব সমাবেশ ২০২৬"। উক্ত সমাবেশে ইনস্টিটিউটের প্রশিক্ষণ প্রাপ্ত সাবেক প্রশিক্ষণার্থীবৃন্দ, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক মনোনীত প্রতিনিধিগণ, সফল যুব সংগঠকবৃন্দ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সিটি ইউনিভার্সিটি, ড্যাফোডিল ইউনিভার্সিটি এবং গণ বিশ্ববিদ্যালয়ের মনোনীত মোট ৭০০ জন যুব ও যুব নারী স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। সকাল ০৮:০০ টায় অংশগ্রহণকারীদের রেজিস্ট্রেশনের মাধ্যমে অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা শুরু হয়। পবিত্র ধর্মগ্রন্থ হতে পাঠের মাধ্যমে মূল অধিবেশন সূচিত হয় , অনুষ্ঠানের স্বাগত বক্তব্য প্রদান করেন জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের পরিচালক জনাব মোহাম্মদ সেলিম রেজা।

সমাবেশের প্রধান প্রতিপাদ্য ছিল "কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে বাংলাদেশের যুব সমাজ: ভবিষ্যৎ কর্মসংস্থানের রূপান্তর"। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)-এর প্রফেসর জনাব মোঃ ফজলুল করিম পাটওয়ারী এ বিষয়ে কীনোট পেপার উপস্থাপন করেন। পরবর্তীতে প্রতিপাদ্য বিষয়ের ওপর মূল্যবান আলোচনা উপস্থাপন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব অনুবিভাগের যুগ্মসচিব ড. শেখ মোহাম্মদ জুবায়েদ হোসেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মাহবুব-উল-আলম এবং যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী সাইফুজ্জামান। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আমিনুল হক। তিনি তাঁর বক্তব্যে যুবসমাজকে কৃত্রিম বুদ্ধিমত্তা ও আধুনিক প্রযুক্তিতে দক্ষ হয়ে আগামী দিনের কর্মসংস্থানের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত থাকার আহ্বান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোঃ মনোয়ার হোসেন। তিনি সভাপতির বক্তব্যে অতিথিবৃন্দ ও অংশগ্রহণকারীদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সমাপ্তি ঘোষণার মাধ্যমে সমাবেশের সফল সমাপ্তি ঘটে।







